

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৩০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৮.১৮৬ – গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যবিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনমান উন্নীতকরণে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের জাতীয় কবির স্মৃতিধন্য ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলার কাজী নজরুল বিশ্ববিদ্যালয় গত ২৬ মে ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক 'ডক্টর অব লিটারেচার (ডি-লিট)' ডিগ্রি প্রদান করে।

২। কাজী নজরুল বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডি-লিট ডিগ্রিতে ভূষিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল ও উদ্ভাসিত করায় মাননীয় প্রধানমন্ত্রীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫/২৮ মে ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

(৬১২৭)  
মূল্য : টাকা ৪.০০

### মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ১৪ বৈশাখ ১৪২৫  
২৮ মে ২০১৮

গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যবিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনমান উন্নীতকরণে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের জাতীয় কবির স্মৃতিধন্য ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলার কাজী নজরুল বিশ্ববিদ্যালয় গত ২৬ মে ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক 'ডক্টর অব লিটারেচার (ডি-লিট)' ডিগ্রি প্রদান করে। বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্রী সাধন চক্রবর্তী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডি-লিট ডিগ্রিতে ভূষিত করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে জনগণের জীবনমান উন্নয়ন, নারী শিক্ষা উন্নয়ন ও নারীর ক্ষমতায়নে যুগোপযোগী কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল, প্রাজ্ঞ ও সুদক্ষ নেতৃত্বের ফলে বিভিন্ন আর্থসামাজিক সূচক বৃদ্ধির মাধ্যমে বিশ্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশ হিসাবে উত্তরণের যোগ্যতা অর্জনে সক্ষম হয়েছে।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধারাবাহিক আন্তর্জাতিক সম্মাননা অর্জনের মাধ্যমে বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান সুসংহত হচ্ছে। ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলার কাজী নজরুল বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডি-লিট ডিগ্রিতে ভূষিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল ও উদ্ভাসিত করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd